



# দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র  
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



মঙ্গলবার ২২ আগস্ট ২০২৩ www.edainikazadi.net বেগি, নং-৩-৫৪ ৬৩তম বর্ষ ৩৩০ সংখ্যা ১ জুলাই ১৯৫০ সাল ৫ সফর ১৪৪৫ বিহার ৮ পৃষ্ঠা ৭ টাকা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ২৪৬তম সিডিকেট সভায় প্রফেসর ড. আবু রেজা নদভী এমপিসহ অন্যান্য

## আইআইইউসির ২৪৬ তম সিডিকেট সভা

আইআইইউসির ২৪৬ তম সিডিকেট সভা প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে সম্প্রতি অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। সিডিকেটের সভাপতি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে সভার শুরুতেই ১৫ আগস্টে নিহত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও ২১ আগস্ট নিহত সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করা হয়।

সভায় উপস্থিত ছিলেন প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, প্রফেসর ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, প্রফেসর ড. সুলতান আহমেদ, অনলাইনে সংযুক্ত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. বেলায়েত হোসেন তালুকদার, প্রফেসর ড. দেলোয়ার হোসেন, প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, প্রফেসর ড. নামজুল হক নদভী ও রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার।

সভায় বিগত ২৪৫ তম সিডিকেট সভার কার্যবিবরণী পেশ ও সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় ফাইন্যান্স কমিটির সভা, পিএসপি সভা, বিভিন্ন সিলেকশন কমিটির সভা, ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন কমিটির সভা, ইন্টারন্যাশনাল এফেয়ার্স কমিটির সভা, সেন্টার ফর রিসার্চ এন্ড পাবলিকেশন কমিটির সভা ও অভিযোগ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ সিডিকেট সভায় অনুমোদন দেওয়া হয়। প্রেস বিজ্ঞপ্তি।